178

ভোরের কাগজ

তারিখ ... SEP. 07 1999 ... ...
পৃষ্ঠা ..৪.. কলাম ..৩....

## ভর্তি প্রক্রিয়া শুরু করুন

গত ২৬ আগস্ট দেশের পাঁচটি শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৯ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে। ইতিমধ্যে ছাত্রছাত্রীরা বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি যুদ্ধের জন্য প্রস্তুতি নিতে শুরু করেছে। কিন্তু দেশের বিশ্ববিদ্যালয়গুলোর বিগত বছরের ভর্তি কার্যক্রম পর্যালোচনা করলে দেখা যায় এইচএসসি পরীক্ষার ফলাফলের সাত/আট মাস পর ভর্তি প্রক্রিয়া শুরু হয়। এর ফলে সেশন শুরু হওয়ার আগে সেশন জট তৈরি হয়। উল্লেখ্য, এইবার এইচএসসি পরীক্ষার ফলাফল আগে ঘোষণা করা হয়েছে, যাতে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে সেশন জট নিরসন করা যায়।

তাই সকল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কাছে অনুরোধ, অবিলম্বে ভর্তি কার্যক্রম শুরু করুন যাতে ছাত্রছাত্রীদের দীর্ঘ সময় বসে থাকতে না হয়।

মোঃ মশিউর রহমান (মাসুদ)
অর্থনীতি বিভাগ (২য় বর্ষ)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।